

বেসরকারি পরিচালনায় যাচ্ছে চার সৌদি বিমানবন্দর

- A Monitor Desk Report

Date: 15 October, 2024



রিয়াদ: নতুন বিনিয়োগ আইনসহ বিভিন্ন উদ্যোগের মাধ্যমে লজিস্টিক ও পরিবহন খাতে বেসরকারি প্রতিষ্ঠানের ভূমিকা জোরদার হচ্ছে সৌদি আরবে।

সম্প্রতি রিয়াদে অনুষ্ঠিত গ্লোবাল লজিস্টিক ফোরামে দেশটির বিনিয়োগ বিষয়ক মন্ত্রী খালিদ আল-ফালিহ জানিয়েছেন, সৌদি আরবের চারটি বিমানবন্দর পরিচালনার জন্য বেসরকারি অপারেটর নিয়োগের পরিকল্পনা চলছে। আগামী মাস থেকে এ পরিকল্পনা বাস্তবায়ন হবে। খবর আরব নিউজ।

মন্ত্রী জানান, সমুদ্রবন্দর ও বিমানবন্দর পরিষেবার উন্নয়ন সৌদি আরবের জন্য অত্যাবশ্যক হয়ে উঠেছে। কারণ তিন মহাদেশজুড়ে বিস্তৃত একটি কৌশলগত আঞ্চলিক কেন্দ্র ও লজিস্টিক গেটওয়ে হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করার লক্ষ্য রাখে রিয়াদ। ন্যাশনাল লজিস্টিক স্ট্র্যাটেজি অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে সৌদি আরব জিডিপিতে এ খাতের অবদান ৬-১০ শতাংশে উন্নীত করতে চায়।

খালিদ আল-ফালিহ বলেন, 'সৌদি সরকার সরাসরি ব্যবসায়িক সম্পৃক্ততা থেকে সরে আসতে যাচ্ছে। এখন বেসরকারি খাতের ক্ষমতায়ন ও সক্ষমতা বৃদ্ধি অপরিহার্য।'

তিনি বলেন, 'কর্মদক্ষতায় এগিয়ে থাকা মদিনা বিমানবন্দর দীর্ঘমেয়াদে ছাড়ে একটি বেসরকারি অপারেটর কোম্পানি পরিচালনা করছে। এছাড়া সরকারি মূলধন ছাড়াই নির্মিত কিং আবদুল্লাহ পোর্ট ব্যক্তি খাতে পরিচালিত হচ্ছে। আগামী মাস ও বছরগুলোয় চারটি বিমানবন্দরের বেসরকারীকরণ দেখতে পাবেন। এটি মাত্র শুরু।'

সৌদি আরব উদ্যোক্তাদের জন্য অনুকূল পরিবেশ তৈরিতে জোর দিয়েছেন বলে জানান খালিদ আল-ফালাহ। তিনি আরো উল্লেখ করেন, লজিস্টিক ও পরিবহনে উল্লেখযোগ্য বিনিয়োগ আকর্ষণ করছে নতুন বিনিয়োগ আইন।

